দৈনিক
ইত্তেফাক

তারিখ 18 MAY 2010
পৃষ্ঠা ২ কলাম ২

# এমপিও তালিকা স্থগিত নয় যাচাই হবে

## ……… শিক্ষা উপদেষ্টা

■ ইত্তেফাক রিপোর্ট

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সদ্য প্রকাশিত এমপিও তালিকা বাতিল বা স্থগিত হচ্ছে না। তাই আসছে না নতুন কোন তালিকাও। কেবল প্রকাশিত তালিকা যাচাই-বাছাই হবে। কিছু কমানো বা বাড়ানো হচ্ছে। সোমবার বিকেলে প্রধানমন্ত্রীর শিক্ষা, সামাজিক উন্নয়ন ও রাজনীতি এরপর পৃষ্ঠা ২, কলাম ৪

## এমপিও তালিকা

প্রথম পৃষ্ঠার পর

বিষয়ক উপদেষ্টা ড. আলাউদ্দিন আহমেদ একটি সংবাদ সংস্থাকে এ তথ্য জানান। তিনি বলেন, কাজটি যত দ্রুত সম্ভব করার চেষ্টা করা হবে। যাতে চলতি বাজেটের মেয়াদেই এমপিওভুক্ত প্রতিষ্ঠানে অর্থ বরাদ্দ দেয়া শুরু হয়। তিনি বলেন, নতুন তালিকা নয়, আমরা বর্তমান তালিকার যথার্থতা যাচাই করে দেখবো। এটা করতে গিয়ে প্রয়োজনে শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা কিছু বাড়তে বা কমতে পারে।

শিক্ষা উপদেষ্টার হাতে গত রবিবার এমপিওভুক্তি তালিকাসহ প্রয়োজনীয় তথ্য তুলে দেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ। এতে এমপিওভুক্তির পরবর্তী পদক্ষেপ নেয়ার সব দায়িত্ব চলে যায় তার হাতে। এর ফলে আগের তালিকা বাতিল করা হচ্ছে বলে আলোচনা চলতে থাকে সংশ্লিষ্ট মহলে। কিন্তু সেই আশংকা উড়িয়ে দিয়ে ড. আলাউদ্দিন বলেন, নতুন আরো ৪শ প্রতিষ্ঠানের এমপিওভুক্তির কথা শুনছি। জানি না মানুষ কিসের ভিত্তিতে এসব কথা বলে। আমি এসবের কিছুই জানি না।

গত ৭ মে প্রকাশিত হয় বহুল প্রতীক্ষিত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের নতুন এমপিও তালিকা। তাতে স্থান পায় এক হাজার ২২টি শিক্ষা প্রতিষ্ঠান। তালিকা প্রকাশের পরপরই ব্যাপক সমালোচনার জন্ম হয়। বলা হয়, আওয়ামী লীগের মন্ত্রী, এমপিদের তদবির করা কোন প্রতিষ্ঠান এমপিও পায়নি। বিএনপি-জামায়াত নেতাদের গড়া প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করা হয়েছে। এমনকি এমপিও প্রদানে নীতিমালা মানা হয়নি বলেও অভিযোগ তোলা হয়। পরে ১০ মে মন্ত্রিপরিষদের সভায় খোদ প্রধানমন্ত্রীও বিষয়টি নিয়ে অসন্তোষ প্রকাশ করেন। পাশাপাশি সেখানে মন্ত্রী-প্রতিমন্ত্রীদের তোপের মুখে পড়েন শিক্ষামন্ত্রী। মন্ত্রিপরিষদের সভায় এমপিও তালিকা ফের যাচাই-বাছাই করতে শিক্ষামন্ত্রী ও উপদেষ্টাকে দায়িত্ব দেন প্রধানমন্ত্রী। এরপর প্রথমে শিক্ষামন্ত্রী তালিকা পর্যালোচনার কাজ শুরু করেন। এক পর্যায়ে গত রবিবার পুরো দায়িত্ব ড. আলাউদ্দিনের হাতে তুলে দেন তিনি।

### একটি কলেজের এমপিওভুক্তির আদেশ বাতিল

এমপিওভুক্তির তালিকায় অন্তর্ভুক্ত হওয়া লালমনিরহাট জেলার সদর উপজেলাধীন সতীন অনুপ কাপনের কলেজের এমপিওভুক্তির আদেশ বাতিল করেছে শিক্ষা মন্ত্রণালয়। এইচএসসি বিএম স্তরের ১১৮নং ক্রমিকভুক্ত প্রতিষ্ঠান ছিল এটি। শিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব শেখ মেহেদী রনি স্বাক্ষরিত এক আদেশে তা বাতিল করা হয়।